



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

২০২১-২২ অর্থ বছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. তৌফিক হাসান
সভার তারিখ : ২০ মার্চ ২০২২
সময় : ৩.০০ ঘটিকা
সভার স্থান : রুম নং-১২৪৬, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ২০২১-২২ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকান্ডের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়সমূহ সুপারিশ করা হয়:

ক্রম. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১	আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার তথ্য প্রেরণ প্রসঙ্গে	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৩য় সভার তথ্য ২১ মার্চ ২০২২ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। বর্ণিত প্রেক্ষিতে, পিকেএসএফ-এর উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে প্রেরিত হকের নির্ধারিত সূচকের আলোকে লক্ষ্যমাত্রা অনুযায়ী ইনোভেশন কমিটির সকল সদস্যের উপস্থিতিতে করা হয়। জনাব কামরুন্নাহার, ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)-কে ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি যথাসময়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
২	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে আলোচনা	সভায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পিকেএসএফ-এর সকল কার্যক্রম নিজস্ব ইন্টিগ্রেটেড ইনফরমেশন সিস্টেমের (IIS) আওতায় ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হচ্ছে বলে উল্লেখ করা হয়। এছাড়া সহযোগী সংস্থা সমূহের তথ্য ব্যবস্থাপনা আধুনিকায়নের ক্ষেত্রেও পিকেএসএফ মুখ্য ভূমিকা পালন করেছে। ফলে সহযোগী সংস্থাসমূহ থেকে পিকেএসএফ-এর IIS-এ সরাসরি তথ্য আদান প্রদান হচ্ছে বলে সভাকে অভিহিত করা হয়। তথ্য প্রযুক্তির গতানুগতিক ব্যবহারের বাইরে নতুন প্রযুক্তি ব্লক চেইন -এর বিষয়েও আলোচনা হয়। যেসকল তথ্য ব্যবস্থাপনায় একাধিক প্রতিষ্ঠানের তথ্য প্রদান ও সন্নিবেশ জড়িত এবং যেখানে তথ্য অনৈতিকভাবে পরিবর্তন করার বিষয়টি স্পর্শকাতর সেসকল ক্ষেত্রে ব্লক চেইন প্রযুক্তি ব্যবহার করা হয়। পিকেএসএফ-এর ক্ষুদ্র উদ্যোগীদের পণ্য বিক্রয়ের ক্ষেত্রে এ ধরনের প্রযুক্তি ব্যবহার করার বিষয়ে পর্যালোচনা করা হচ্ছে বলে সভায় উল্লেখ করা হয়।
৩	ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ	সভায় পিকেএসএফ-এর সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ইনোভেশন কার্যক্রম অবহিতকরণে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সকলে একমত পোষণ করেন। বর্ণিত প্রেক্ষিতে বিগত ২৪/০৩/২০২২ তারিখে সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ইনোভেশন কার্যক্রম অবহিতকরণে প্রশিক্ষণ প্রদান করা হয়।



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Subir
8/8/22

(ড. জোফিক হাসান)

ইনোভেশন অফিসার ও

উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)

অনুলিপি:

১. ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ
২. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (সকল)
৩. ইনোভেশন টিমের সদস্য (সকল)
৪. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৫. পিএ টু ডিএমডি-৪
৬. সংশ্লিষ্ট নথি।









পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পরিশিষ্ট: ক

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	ড. তৌফিক হাসান	উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	 20.03.22
২	জনাব মোঃ হুমায়ূন কবির	উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)	 20/03/22
৩	জনাব আবুল কালাম আজাদ	সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম)	 20.03.2022
৪	জনাব মোঃ তারিকুল আলম	ব্যবস্থাপক (আইএন্ডটি)	
৫	জনাব কামরুন্নাহার	ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)	 20.03.2022
৬	জনাব মোঃ নাজমুল হাসান	উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি)	 20/03/2022

